

স্মারক নং-৪৬.০০.০৬০০.০১৭.২৭.০০১.১৭. ৭৪০

তারিখ : ২৮ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ।
১২ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, বরিশাল জেলার সদর উপজেলার চাঁদপুরা ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ নজরুল ইসলাম এর বিরুদ্ধে হতদরিদ্র ফেয়ারকার্ড, রেশনিং কার্ডের ৬২জনের নামের তালিকায় ব্যাপক দুর্নীতি, স্বজনপ্রীতি ও অনিয়ম এবং হতদরিদ্রদের নামের চাল তাঁর স্ত্রীর নামে ও নিজ নামে উত্তোলনের বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় উক্ত সদস্যকে তাঁর স্বীয় পদ থেকে সাময়িক বরখাস্ত করে যথারীতি কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে কারণ দর্শানো নোটিশের জবাব প্রেরণ করেন। তাঁর জবাব পর্যালোচনায় সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট সম্ভাষণজনক প্রতীয়মান হয়নি বিধায় জেলা প্রশাসক তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান;

যেহেতু, উল্লিখিত অভিযোগ প্রমাণিত হওয়ায় দুর্নীতি দমন কমিশন কর্তৃক ইউপি সদস্য জনাব নজরুল ইসলামকে ৬৯,০০২/২৮ (উনসত্তর হাজার দুই টাকা আঠাশ পয়সা) টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করলে তিনি উক্ত টাকা জমা প্রদান করে দুর্নীতি দমন কমিশনকে অবহিত করেছেন;


যেহেতু, উল্লিখিত ইউপি সদস্যের বিরুদ্ধে তাঁর স্ত্রীর নামে ও নিজ নামে চাল উত্তোলন, হতদরিদ্র পরিবারের তালিকা প্রণয়নে অনিয়ম, স্বজনপ্রীতি এবং চাল আত্মসাতের সাথে জড়িত থাকার বিষয়ে পত্রিকায় প্রকাশিত সংবাদ, সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এর সরেজমিন তদন্ত প্রতিবেদন, উপজেলা নির্বাহী অফিসার বরিশাল সদর এবং জেলা প্রশাসক, বরিশাল এর সার্বিক মন্তব্য এবং দুর্নীতি দমন কমিশন কর্তৃক তদন্তে উল্লিখিত অভিযোগ প্রমাণিত হওয়ায় জনাব নজরুল ইসলাম দুর্নীতি এবং আত্মসাতের সাথে জড়িত ও অপরাধী মর্মে প্রতীয়মান হয়েছে;

সেহেতু, এহেন কর্মকান্ডের পরিপ্রেক্ষিতে, বরিশাল জেলার সদর উপজেলাধীন চাঁদপুরা ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের সদস্য হিসেবে তাঁর দ্বারা চাঁদপুরা ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের কার্যক্রম পরিচালনা করা সমীচীন নয় বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৫) এর বিধান মোতাবেক সরকার জনস্বার্থে তাঁকে তাঁর স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উল্লিখিত ইউপি সদস্য জনাব মোঃ নজরুল ইসলাম হতদরিদ্র পরিবারের তালিকা প্রণয়নে অনিয়ম, স্বজনপ্রীতি এবং চাল আত্মসাতের সাথে জড়িত থাকায় এবং দুর্নীতি দমন কমিশন কর্তৃক উক্ত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় চাঁদপুরা ইউনিয়ন পরিষদের সদস্যের পদ হতে তাঁকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৫) ধারার বিধান মোতাবেক অপসারণ করা হলো।

০২। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫(২) মোতাবেক বরিশাল জেলার সদর উপজেলাধীন চাঁদপুরা ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ নজরুল ইসলাম সিকদার এর সদস্য পদ গেজেট বিজ্ঞপ্তি জারি করে উপজেলা নির্বাহী অফিসার, বরিশাল সদর, বরিশাল শূন্য ঘোষণা করবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫


Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং- স্মারক নং-৪৬.০০.০৬০০.০১৭.২৭.০০১.১৭. ৭৪০/১(৭)

তারিখ : ২৮ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ।
১২ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, বরিশাল
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, বরিশাল
০৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. জনাব মোঃ নজরুল ইসলাম, সদস্য (অপসারণকৃত), ০৩নং ওয়ার্ড, চাঁদপুরা ইউনিয়ন পরিষদ, সদর উপজেলা বরিশাল।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব